



সাবেক আইজিপি বেনজীরের বিরুদ্ধে সাক্ষ্য গ্রহণ শুরু



সাবেক আইজিপি বেনজীর আহমেদ। ছবি: সংগৃহীত

প্রায় ১১ কোটি টাকার জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জনের মামলায় পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) বেনজীর আহমেদের বিরুদ্ধে আদালতে সাক্ষ্য গ্রহণ শুরু হয়েছে।

বুধবার (১৩ মে) ঢাকার বিশেষ জজ আদালত-৫ এ মামলার বাদী দুদকের উপপরিচালক হাফিজুল ইসলাম সাক্ষ্য দেন। আদালত সূত্র জানায়, সাক্ষ্য গ্রহণ শেষে আগামী ২০ মে পরবর্তী শুনানির তারিখ নির্ধারণ করা হয়েছে।

এর আগে ৩ মে একই আদালত বেনজীর আহমেদের বিরুদ্ধে অভিযোগ গঠন করে বিচার শুরুর নির্দেশ দেন। ৮ মার্চ অভিযোগপত্র গ্রহণের পর তার বিরুদ্ধে হ্রেফতারি পরোয়ানাও জারি করা হয়।

দুদকের তদন্ত প্রতিবেদনে বলা হয়, বেনজীর আহমেদ সম্পদ বিবরণীতে ৬ কোটি ৪৫ লাখ ৩৭ হাজার ৩৬৫ টাকার স্থাবর এবং ৫ কোটি ৭৪ লাখ ৮৯ হাজার ৯৬৬ টাকার অস্থাবর সম্পদের ঘোষণা দেন। কিন্তু তদন্তে তার নামে পাওয়া যায় ৭ কোটি ৫২ লাখ ৬৮ হাজার ৯৮৭ টাকার স্থাবর এবং ৮ কোটি ১৫ লাখ ৩১ হাজার ২৬৪ টাকার অস্থাবর সম্পদ। মোট হিসেবে প্রায় ১৫ কোটি ৬৮ লাখ টাকার সম্পদের প্রমাণ মেলে।

তদন্ত অনুযায়ী, তার বৈধ আয়ের উৎস ছিল ৬ কোটি ৫৯ লাখ ৪২ হাজার ৬৬৮ টাকা। ব্যয় বাদ দিলে নিট সঞ্চয় দাঁড়ায় ৪ কোটি ৬৩ লাখ ৫৬ হাজার ৬৭৫ টাকা। ফলে প্রায় ১১ কোটি ৪ লাখ ৪৩ হাজার ৫৭৬ টাকার সম্পদ জ্ঞাত আয়বহির্ভূত হিসেবে চিহ্নিত করা হয়।

অভিযোগপত্রে আরও উল্লেখ আছে, এসব অর্থ বিভিন্ন ব্যাংক হিসাব, ব্যবসা প্রতিষ্ঠান ও যৌথ মূলধনী খাতে বিনিয়োগের মাধ্যমে গোপন ও স্থানান্তরের চেষ্টা করা হয়েছে।